

নং-৪৫.১৫০.০২৭.০২.০০.০০৯.২০১০- ৬৭৪

তারিখ : ০৬.০৩.১৪১৮
২২.০৬.২০১১

আদেশ

সেহেতু, ডাঃ মোঃ তারেক আলী (কোড নং-১১২৮৪৭), প্রাক্তন মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, লংগদু, পার্বত্য রাঙ্গামাটি গত ০৮.০৮.২০০৯ তারিখ হতে কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিত কর্মস্থলে অনুপস্থিত থাকার কারণে তাঁকে সরকারী কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৩(বি) ধারায় অভিযুক্ত করতঃ বিভাগীয় মামলা রুজু করে ৫(১) ধারা মোতাবেক ১ম কারণ-দর্শানো নোটিশ প্রদান করা হয়;

সেহেতু, অভ্যুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাঁকে সরকারী চাকুরী হতে বরখাস্ত করা হবে না মর্মে উক্ত অধ্যাদেশের ৫(২) ধারা মোতাবেক ২য় কারণ-দর্শানো নোটিশ প্রদান করা হয়;

সেহেতু, তিনি দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি, সেহেতু তাঁকে সরকারী চাকুরী হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের মতামত চাওয়া হয়;


সেহেতু, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন মন্ত্রণালয়ের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে;

সেহেতু, উক্ত কর্মকর্তাকে সরকারী চাকুরী হতে বরখাস্ত করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

এফলে সেহেতু, সরকারী কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ ১৯৭৯ এর ৪ (এ) ধারা মোতাবেক ডাঃ মোঃ তারেক আলী (কোড নং- ১১২৮৪৭), প্রাক্তন মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, লংগদু, পার্বত্য রাঙ্গামাটি-কে তার অননুমোদিত অনুপস্থিতির তারিখ ০৮.০৮.২০০৯ থেকে সরকারী চাকুরী হতে বরখাস্ত করা হলো।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে


(মুহম্মদ হুমায়ুন কারির)
সচিব

উপ-নিয়ন্ত্রক

বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস

তেজগাঁও, ঢাকা


(গেজেটে প্রকাশের জন্য)

নং-৪৫.১৫০.০২৭.০২.০০.০০৯.২০১০-

তারিখ : ০৬.০৩.১৪১৮
২২.০৬.২০১১

অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য :

- ১। সচিব, বাংলাদেশ সরকারী কর্মকমিশন সচিবালয়, তেজগাঁও, ঢাকা
- ২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (আদেশটি সংশ্লিষ্ট কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো)
- ৩। পরিচালক, MIS, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (বিষয়টি কম্পিউটারে সংরক্ষণ করে রাখার জন্য অনুরোধ করা হলো)
- ৪। উপ-সচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৫। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
- ৬। উপ-পরিচালক (শুংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৭। সিভিল সার্জন, পার্বত্য রাঙ্গামাটি
- ৮। প্রোগ্রামার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
- ৯। ডাঃ মোঃ তারেক আলী (কোড নং-১১২৮৪৭), প্রাক্তন মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, লংগদু, পার্বত্য রাঙ্গামাটি


সিনিয়র সহকারী সচিব
ফোন : ৭১৭২২৫২

sasdisc1@mohfw.gov.bd